



তারিখ: ২১-০৬-২০২১

## ১ম বর্ষের শিক্ষার্থীদের জন্য

### অ্যাসাইনমেন্ট প্রস্তুত করার সময় আবশ্যিকীয় দিকসমূহ

১. অ্যাসাইনমেন্টের জন্য অবশ্যই A4 সাইজের সাদা কাগজ ব্যবহার করতে হবে।
২. শিক্ষার্থীর নিজের নাম, শ্রেণি, আইডি, বিষয় ও অ্যাসাইনমেন্ট শিরোনাম সুন্দর করে লিখতে হবে। এক্ষেত্রে ফেইসবুকে খতিটি খসপে খদন্ত কভার পেইজের নমুনা ব্যবহার করতে হবে।
৩. অ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে অবশ্যই একটি পৃষ্ঠা ব্যবহার করতে হবে। একটি পাতার উভয় পৃষ্ঠা ব্যবহার করা যাবে না।
৪. মার্জিন চারপাশেই রাখতে হয়। কেবল অ্যাসাইনমেন্ট নয়, অন্যান্য লেখার ক্ষেত্রেও চারপাশে মার্জিন রেখে লিখলে খাতার নান্দনিক গুণ বৃদ্ধি পায়। মার্জিন-এর ক্ষেত্রে চারপাশ থেকেই এক ইঞ্চি পরিমাণ জায়গা রেখে পেঙ্গিলে মার্জিন করা যেতে পারে।
৫. খতিটি পাতায় অবশ্যই মার্জিন দিতে হবে।

ড. ফা: জর্জ কমল রোজারিও, সিএসসি  
অধ্যক্ষ  
নটর ডেম কলেজ ময়মনসিংহ

তারিখ: ২১-০৬-২০২১

## ১ম বর্ষের শিক্ষার্থীদের জন্য

স্নেহের শিক্ষার্থীবৃন্দ,

শুভেচ্ছা রইলো। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর থেকে ২০২২ খ্রি.-এর এইচএসসি পরীক্ষার্থীদের জন্য যে সাপ্তাহিক অ্যাসাইনমেন্ট (Assignment) দেয়া হয়েছে তা অত্যন্ত গুরুত্বের সাথে দেখতে বলা হচ্ছে। এর উপর ভিত্তি করে তোমাদের ভবিষ্যতের ফলাফলের মূল্যায়ন নির্ভর করবে।

উল্লেখ্য, তোমাদের অ্যাসাইনমেন্টের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে। কাজেই সব দিক থেকে বিবেচনা করলে বলা যায়, এ অ্যাসাইনমেন্টগুলোই তোমাদের পরবর্তী মূল্যায়নের মাপকাঠি। তাই তোমাদের এই অ্যাসাইনমেন্টের উপর অবশ্যই গুরুত্ব দিতে হবে, কোনোভাবেই অ্যাসাইনমেন্টকে অবহেলা করার সুযোগ নেই।

প্রতিটি ক্লাসেই প্রত্যেক শিক্ষকগণ প্রতিটি বিষয়ের অ্যাসাইনমেন্ট লেখার ব্যাপারে সকল ধরনের দিক নির্দেশনা দিচ্ছেন। সেই বিষয়গুলো মনোযোগ দিয়ে শুনবে এবং নোট রাখবে যার মাধ্যমে তোমাদের অ্যাসাইনমেন্ট উত্তম পর্যায়ে অ্যাসাইনমেন্ট হয়ে উঠবে।

মনে রাখবে, অ্যাসাইনমেন্ট উত্তম পর্যায়ে না হওয়া পর্যন্ত তোমাদের বারংবার লিখতে হবে। সেক্ষেত্রে গুরুত্বই অত্যন্ত মনোযোগী হয়ে সকল নিয়ম অনুসরণ করে কাজটি সম্পন্ন করলে একই বিষয় বারংবার লেখার বিড়ম্বনা সহ্য করতে হবে না।

সবার জন্য শুভ প্রত্যাশা।

ধন্যবাদান্তে,

অধ্যক্ষ

ও

শিক্ষকমণ্ডলী